# বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল

## নিয়োগ বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত স্থায়ী পদসমূহ পূরণের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :-

| ক্র. নং | পদের নাম, স্কেল, বিভাগসমূহ ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১ | প্রভাষক ঃ ১১০০০-২০৩৭০/-<br>প্রতিটি বিভাগে দুইটি স্থায়ী পদ হিসেবে ইংরেজী, গণিত, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, ম্যানেজমেন্ট স্টাডিজ এবং মার্কেটিং বিভাগে মোট **বারটি স্থায়ী পদ**। | প্রার্থীকে এস এস সি ও এইচ এস সি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জি পি এ ৪.৫০ (স্কেল : ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যে-কোন ১টিতে ১ম শ্রেণী থাকতে হবে। তবে সি জি পি এ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে ৩.৭০ (স্কেল : ৪.০০) থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী বা এস এস সি/এইচ এস সি-তে জি পি এ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণ যোগ্য নয়। উপর্যুক্ত যোগ্যতাসহ উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। ইংরেজী বিষয়ে উপর্যুক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২ | সহকারী অধ্যাপক ঃ ১৮৫০০-২৯৭০০/-<br>প্রতিটি বিভাগে একটি স্থায়ী পদে ইংরেজী, গণিত, অর্থনীতি, সমাজ বিজ্ঞান, ম্যানেজমেন্ট স্টাডিজ এবং মার্কেটিং বিভাগে মোট **ছয়টি স্থায়ী পদ** | সহকারী অধ্যাপক পদের জন্য প্রভাষক পদের উপর্যুক্ত সকল শিক্ষাগত যোগ্যতার শর্তপূরণকরাসহ প্রার্থীকে বিশ্ববিদ্যালয়/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে অন্তত ৩ (তিন) বছরের শিক্ষকতা/গবেষণার অভিজ্ঞতা ও স্বীকৃতমানের জার্ণাল/বই-এ কমপক্ষে ১ (এক)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। অন্যান্য যোগ্যতা সমান থাকলে উচ্চতর ডিগ্রিধারীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৩ | সহযোগী অধ্যাপক ঃ ২৫৭৫০-৩৩৭৫০/-<br>ইংরেজী/গণিত/অর্থনীতি/সমাজ বিজ্ঞান/ ম্যানেজমেন্ট স্টাডিজ/ মার্কেটিং বিভাগে মোট **তিনটি স্থায়ী পদ**। | প্রার্থীকে এস এস সি ও এইচ এস সি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জি পি এ ৪.৫০ (স্কেল : ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যে-কোন ১টিতে ১ম শ্রেণী থাকতে হবে। তবে সি জি পি এ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে ৩.৭০ (স্কেল : ৪.০০) থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী বা এস এস সি/এইচ এস সি-তে জি পি এ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণ যোগ্য নয়। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ ডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয়/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীর কমপক্ষে ৭ (সাত) বছরের শিক্ষকতা/গবেষণাসহ অন্তত ৩ (তিন) বছর সহকারী অধ্যাপক হিসেবে শিক্ষাদানের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃতমানের জার্ণালে/বই-এ প্রার্থীর কমপক্ষে ৭টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। ইংরেজী বিষয়ে উপর্যুক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য। |
| ৪ | অধ্যাপক ঃ ২৯০০০-৩৫৬০০/-<br>ইংরেজী/গণিত/অর্থনীতি/সমাজ বিজ্ঞান/ ম্যানেজমেন্ট স্টাডিজ/ মার্কেটিং বিভাগে মোট **তিনটি স্থায়ী পদ**। | প্রার্থীকে এস এস সি ও এইচ এস সি বা সমমানের পরীক্ষায় অন্তত একটিতে ১ম বিভাগ/জি পি এ ৪.৫০ (স্কেল : ৫.০০) সহ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষায় ন্যূনপক্ষে যে-কোন ১টিতে ১ম শ্রেণী থাকতে হবে। তবে সি জি পি এ'র ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পরীক্ষার উভয়টিতে ৩.৭০ (স্কেল : ৪.০০) থাকতে হবে । শিক্ষা জীবনের কোন পর্যায়ে ৩য় বিভাগ/শ্রেণী বা এস এস সি/এইচ এস সি-তে জি পি এ'র ক্ষেত্রে ৩.০০ এর কম গ্রহণ যোগ্য নয়। প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে পি-এইচ ডি কিংবা সমমানের ডিগ্রি থাকা বাঞ্ছনীয়। বিশ্ববিদ্যালয়/স্বীকৃতমানের গবেষণা প্রতিষ্ঠানে প্রার্থীর কমপক্ষে ১২ (বার) বৎসরের শিক্ষাদান/গবেষণার অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে সহযোগী অধ্যাপক হিসেবে কমপক্ষে ৪ (চার) বছর শিক্ষাদানের অভিজ্ঞতা থাকা আবশ্যক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে কর্মরত অধ্যাপকগণের ক্ষেত্রে উপর্যুক্ত শিক্ষাগত যোগ্যতার যে কোন একটি শর্ত শিথিল করা যেতে পারে। স্বীকৃতমানের জার্ণালে/বই-এ প্রার্থীর কমপক্ষে ১২ (বার)টি মৌলিক প্রকাশনা থাকতে হবে। শিক্ষক হিসেবে অতিরিক্ত অভিজ্ঞতা ও দক্ষতা এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ক্ষেত্রে বিশেষ করে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক শিক্ষা ও শিক্ষা আনুষঙ্গিক কর্মকান্ড পরিচালনায় বিশেষ অবদান যোগ্যতা হিসেবে গণ্য করা হবে। ইংরেজী বিষয়ে উপর্যুক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য। |
| ৫ | রেজিস্ট্রার (২৯০০০-৩৫৬০০/-)/<br>উপ-রেজিস্ট্রার (২৫৭৫০-৩৩৭৫০/-)ঃ<br>**একটি স্থায়ী পদ**। | **রেজিস্ট্রার পদে** প্রার্থীদের মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। তাঁদের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে প্রশাসনিক কাজে ন্যূনতম ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা সহযোগী অধ্যাপক হিসেবে বিশ্ববিদ্যালয়ে ৫ (পাঁচ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাদান ও প্রশাসনিক কর্মকান্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অন্যান্য দিক বিবেচনায় অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিল করা যেতে পারে।<br>**উপ-রেজিস্ট্রার পদে** প্রার্থীকে মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। তাকে বিশ্ববিদ্যালয়ে সহকারী রেজিস্ট্রার বা সমমানের পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে ১০ (দশ) বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে অথবা প্রার্থীকে প্রথম শ্রেণীর কর্মকর্তা হিসেবে সরকারী/স্বায়ত্তশাসিত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকতা এবং প্রশাসনিক কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে শিক্ষাদান ও প্রশাসনিক কর্মকান্ডে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। অন্যান্য দিক বিবেচনায় অধিকতর যোগ্য প্রার্থীর ক্ষেত্রে অভিজ্ঞতার শর্ত শিথিল করা যেতে পারে। |
| ৬ | ব্যক্তিগত সচিব ঃ ১৫০০০-২৬২০০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই ইংরেজী ও বাংলা উভয় ভাষায় পারদর্শী এবং কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বিশ্ববিদ্যালয় অথবা উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে কমপক্ষে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ৭ | সহকারী রেজিস্ট্রার ঃ ১৫০০০-২৬২০০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। তাকে বিশ্ববিদ্যালয় অথবা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রশাসনিক কাজে সেকশন অফিসার বা সমমানের পদে কমপক্ষে ৩(তিন) বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ৮ | সহকারী পরিচালক (পরি. ও উ.) ঃ<br>১৫০০০-২৬২০০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। প্রার্থীর কোন সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে পরিকল্পনা ও উন্নয়ন সংক্রান্ত কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ক কোন ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ৯ | সহকারী পরিচালক (অর্থ ও হি.) ঃ<br>১৫০০০-২৬২০০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে এম কম/এম বি এ ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। অর্থনীতি অথবা হিসাব বিজ্ঞান বিষয়ে কোন ডিগ্রি/ডিপ্লোমা থাকলে তা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। প্রার্থীর কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে অর্থ ও হিসাব সংক্রান্ত কাজে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে, তন্মধ্যে হিসাব রক্ষণ/সমমানের পদে ২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীকে অবশ্যই বাজেট, ফিন্যান্সিয়াল একাউন্টস এবং ব্যালেন্স শিট তৈরীর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে কম্পিউটার ব্যবহারের অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ১০ | পাবলিক রিলেশন অফিসার ঃ<br>১৫০০০-২৬২০০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। প্রার্থীর কোন সরকারী/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনসংযোগ বিভাগে ৩ (তিন) বছর কাজের বাস্তব অভিজ্ঞতাসহ স্বাধীনভাবে বিভিন্ন অনুষ্ঠান/সভা কভার করা ও প্রেস বিজ্ঞপ্তির প্রস্তুত করার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর বাংলা ও ইংরেজী উভয় ভাষায় পারদর্শিতাসহ কম্পিউটার পরিচালনার ক্ষেত্রে অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ১১ | সহকারী প্রকৌশলী ঃ<br>১১০০০-২০৩৭০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীদের সরকার অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বি এস-সি ডিগ্রি এবং শিক্ষাজীবনের সকল ক্ষেত্রে কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণী থাকতে হবে। কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাস্তাঘাট/ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বহুতল ভবন নির্মাণ কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। |
| ১২ | সেকশন অফিসার (গ্রেড-১) ঃ<br>১১০০০-২০৩৭০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং সকল পর্যায়ে কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগ থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটারে এম এস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট ব্রাউজিং ইত্যাদি কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩ | সেকশন অফিসার (গ্রেড-২) ঃ<br>৮০০০-১৬৫৪০/-, **একটি স্থায়ী পদ**। | প্রার্থীদের মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনে প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটার ব্যবহারের বাস্তব জ্ঞান থাকা আবশ্যক। |
| ১৪ | সাব-এ্যাসিসটেন্ট ইঞ্জিনিয়ার ঃ<br>৮০০০-১৬৫৪০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীদের সরকার অনুমোদিত কোন বিশ্ববিদ্যালয় হতে ৪ (চার) বছর মেয়াদী সিভিল ইঞ্জিনিয়ারিং-এ বি এস-সি ডিগ্রি অথবা সরকার অনুমোদিত কোন পলিটেকনিক ইনস্টিটিউট থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ ডিপ্লোমাসহ কোন সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাস্তাঘাট/ভবন নির্মাণ ও রক্ষণাবেক্ষণ কাজে কমপক্ষে ৪ (চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বহুতল ভবন নির্মাণ কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসাবে বিবেচিত হবে। |
| ১৫ | এ্যাডমিনিসট্রেটিভ অফিসার ঃ<br>৮০০০-১৬৫৪০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীদের মানসম্মত শিক্ষাসহ কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে এবং শিক্ষাজীবনের প্রতিটি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে। প্রার্থীদের কম্পিউটার ব্যবহারের বাস্তব জ্ঞান থাকা আবশ্যক। |
| ১৬ | কেয়ারটেকার ঃ<br>৬৪০০-১৪২৫৫/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীদের কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক/সমমানের পরীক্ষায় পাশসহ বিশ্ববিদ্যালয় /সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে কেয়ারটেকার হিসেবে কমপক্ষে ৫ (পাঁচ) বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে অথবা কোন অনুমোদিত বোর্ড হতে এইচ এস সি/সমমানের পরীক্ষায় পাশ এবং কোন বিশ্ববিদ্যালয়/সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানে কেয়ারটেকার হিসেবে কমপক্ষে ৭ (সাত) বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকা আবশ্যক। |
| ১৭ | কম্পিউটার অপারেটর ঃ<br>৬৪০০-১৪২৫৫/-, **তিনটি স্থায়ী পদ**। | প্রার্থীদের কোন অনুমোদিত বোর্ড হতে এইচ এস সি/স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশসহ কম্পিউটারে ডিপ্লোমা পাশ/কম্পিউটার অপারেটিংয়ে প্রশিক্ষণ প্রাপ্ত এবং সংশ্লিষ্ট কাজে বিশেষ পারদর্শী হতে হবে। |
| ১৮ | স্টোর কিপার ঃ ৫৫০০-১২০৯৫<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এইচ এস সি/স্নাতক বা সমমানের পরীক্ষায় পাশসহ স্টোর রক্ষণাবেক্ষণ কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৯ | ড্রাইভার ঃ ৪৯০০-১০৪৫০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীদের এসএসসি বা সমমানের পরীক্ষায় পাশসহ বি আর টি'এর লাইসেন্সধারী হতে হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২০ | ডিসপ্যাচ রাইডার (পিয়ন) ঃ<br>৪৪০০-৮৫৮০/-, **একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এস এস সি/এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২১ | কুক ঃ ৪৪০০-৮৫৮০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এস এস সি/এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২২ | কুক হেলপার ঃ ৪২৫০-৮১৪০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এস এস সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। দক্ষ ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ২৩ | এম এল এস এস ঃ ৪১০০-৭৭৪০/-<br>**চারটি স্থায়ী পদ**। | প্রার্থীদের কোন অনুমোদিত বোর্ড হতে এস এস সি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয়। প্রার্থীদের সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ২৪ | সিকিউরিটি গার্ড ঃ ৪১০০-৭৭৪০/-<br>**ছয়টি স্থায়ী পদ**। | প্রার্থীদের কোন অনুমোদিত বোর্ড হতে অষ্টম শ্রেণী/এস এস সি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয় এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। অবসরপ্রাপ্ত সেনাবাহিনী/ পুলিশ/আনসার/ভিডিপি সদস্যদের অগ্রাধিকার দেয়া যেতে পারে । |
| ২৫ | ক্লিনার ঃ ৪১০০-৭৭৪০/-<br>**দুইটি স্থায়ী পদ**। | প্রার্থীদের অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ২৬ | অর্ডারলি পিয়ন ঃ ৪১০০-৭৭৪০/-<br>**একটি স্থায়ী পদ**। | প্রার্থীকে কোন অনুমোদিত বোর্ড হতে এস এস সি/এইচ এস সি বা সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকা বাঞ্ছনীয় এবং সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

### শর্তাবলী

| | |
|---|---|
| (ক) | শিক্ষকদের ক্ষেত্রে অপ্রকাশিত প্রকাশনা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। স্বীকৃত জার্নাল বলতে Peer Reviewed জার্নাল বুঝাবে। মানসম্মত Website/Electronic media জার্নালে প্রকাশিত প্রকাশনা ছাড়া অন্য Website এর প্রকাশনা গ্রহণযোগ্য হবে না। |
| (খ) | আবেদনকারীকে বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরম (Website : www.barisaluniv.edu.bd) -এর সাথে সংশ্লিষ্ট কাগজপত্রসহ অধ্যাপক ও সহযোগী অধ্যাপক পদের জন্য ১১ সেট; সহকারী অধ্যাপক, প্রভাষক ও কর্মকর্তা পদের জন্য ০৮ সেট দরখাস্ত ভাইস-চ্যান্সেলর, বরিশাল বিশ্ববিদ্যালয়, লিয়াঁজো অফিস ঃ ৪/এ (২য় তলা), লেক সার্কাস, কলাবাগান (উত্তর ধানমন্ডি), ঢাকা-১২০৫ বরাবরে আগামী ০৮/০৮/২০১১ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। |
| (গ) | প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রথম শ্রেনীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে - (ক) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র/নম্বরপত্র, (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ কপি ছবি, (গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরমেয়র/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর প্রদত্ত নাগরিকত্ব/জন্ম সনদপত্র/জাতীয় পরিচয় পত্রের অনুলিপি। সত্যায়নকারী কর্মকর্তার অবশ্যই স্পষ্ট নাম ও পদবীসহ সীল থাকতে হবে। |
| (ঘ) | চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র (নির্ধারিত সময়ের পর) গ্রহণ করা হবে না। |
| (ঙ) | দরখাস্তের সাথে " ভাইস-চ্যান্সেলর, বরিশাল বিশ্ববিদ্যালয়" এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা থেকে স্কেল : ২২২৫০-৩১২৫০ থেকে ২৯০০০-৩৫৬০০ এর জন্য ১০০০/-, ১১০০০-২০৩৭০ থেকে ১৮৫০০-২৯৭০০ এর জন্য ৭৫০/-, ৬৪০০-১৪২৫০ থেকে ৮০০০-১৬৫৪০ পর্যন্ত ৫০০/- এবং বিজ্ঞাপিত অন্যান্য স্কেলের জন্য ৩০০/- টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে। |
| (চ) | প্রত্যেক প্রার্থীকে তার প্রার্থিত পদের নাম খামের উপর স্পষ্টাক্ষরে লিখতে হবে। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে খামের উপর 'মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী' শব্দটি লিখতে হবে। |
| (ছ) | মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে প্রার্থীর পিতামাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। |
| (জ) | প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ০৬ টাকার ডাকটিকেট সংযুক্ত ২৫ x ১১ সেঃমিঃ/১০ x ৪.৫ ইঞ্চি সাইজের দুইটি ফেরত খাম আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে। |
| (ঝ) | প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। |
| (ঞ) | বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। |

প্রফেসর ড. মো. হারুনর রশীদ খান ১৭.৭.১১
ভাইস-চ্যান্সেলর

GD-3140

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য মন্ত্রণালয়
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্র সংরক্ষণ
এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ (২য় সংশোধিত) প্রকল্প
১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা - ১০০০।

নং-১৫.৫৮.০০০০.১০৮.১১.০৭৬.১১/ ২৬৭(৩)    তারিখঃ ১৯ /০৭/২০১১

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

" চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন, ডিজিটাল পদ্ধতিতে সনাতন চলচ্চিত্র সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কার্যক্রম পুনরুদ্ধারকরণ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্যে বেতনে নিম্নবর্ণিত পদসমূহে প্রকল্প-মেয়াদে জুন-২০১২ পর্যন্ত জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে সাদা কাগজে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | সর্বসাকুল্যে বেতন | বয়স সীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১। | সহকারী পরিচালক (অপারেশন) ০১ (এক) টি | ১৮,২০০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী গ্রেড-০৯) | সর্বোচ্চ ৩০ বছর | ১। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে চলচ্চিত্র/ পদার্থবিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান/ ইলেকট্রনিক্স/ কম্পিউটার সাইন্সে দ্বিতীয় শ্রেণি/ সমমানের গ্রেডে ০৪ বছর মেয়াদী অনার্স/মাস্টার্স ডিগ্রি/বিএসসি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রনিক্স/ ইলেকট্রিক্যাল/ কম্পিউটার সাইন্স) বিষয়ে দ্বিতীয় শ্রেণি/ সমমানের গ্রেডে স্নাতক ডিগ্রি। কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণি/বিভাগ/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>২। সিনেমাটোগ্রাফিক/আর্কাইভাল/ ইলেকট্রিক্যাল মেশিনারিজ সম্পর্কে ধারণা ও চালনার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।<br>৩। স্বতন্ত্রভাবে ডিজিটাল ক্যামেরা পরিচালনা, সুপারভিশন ও ডিজিটাল যন্ত্রপাতি মেরামতে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। কম্পিউটার বিষয়ে অভিজ্ঞতাসহ হার্ডওয়্যার, সফটওয়্যার ও প্রোগ্রামিং-এ অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২। | উপ-সহকারী প্রকৌশলী ০১ (এক) টি | ১৩,৫০০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী গ্রেড-১০) | সর্বোচ্চ ৩০ বছর | ১। কোন স্বীকৃত সরকার অনুমোদিত পলিটেকনিক্যাল ইনস্টিটিউট থেকে ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল/ ইলেকট্রনিক্স/ কম্পিউটার বিষয়ে তিন বছরের ডিপ্লোমা কোর্স পাস হতে হবে। কোন পরীক্ষায় তৃতীয় বিভাগ/ সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।<br>২। সংশিষ্ট বিষয়ে ২ বছরের অভিজ্ঞতাসহ কম্পিউটার বিষয়ে অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে।<br>৩। সিনেমাটোগ্রাফিক যন্ত্রপাতি, আধুনিক ডিজিটাল/মুভি ক্যামেরা, ইমেজ ও গ্রাফিক্স এবং চলচ্চিত্র সংরক্ষণ ও সম্পাদনায় অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩। | সহকারী কাম কম্পিউটার অপারেটর ০১ (এক) টি | ৯,৬৫০/- টাকা (জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী গ্রেড-১৩) | সর্বোচ্চ ৩০ বছর | ১। কোন স্বীকৃত বোর্ড থেকে এইচএসসি / সমমানের পরীক্ষায় পাসসহ কোন প্রতিষ্ঠিত সংস্থা থেকে কম্পিউটার বিষয়ে(৬)ছয় মাসের প্রশিক্ষণ থাকতে হবে।<br>২। সংশ্লিষ্ট কাজে এক বছরের বাস্তব অভিজ্ঞতাসহ ডাটাবেজ ম্যানেজমেন্ট ও ইন্টারনেট ব্রাউজিং এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।কম্পিউটার কম্পোজে (লেখার গতি) প্রতি মিনিটে বাংলা ৩০ ও ইংরেজি ৪০ শব্দ হতে হবে।<br>৩। ফাইলিং ও নথি সংরক্ষণ বিষয়ে বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |

০১। আবেদনপত্রে বাংলায় প্রার্থীর (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) বর্তমান ঠিকানা (ঙ) স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) ৩১.০৭.২০১১ তারিখে প্রার্থীর বয়স (জ) জাতীয়তা (ঝ) ধর্ম (ঞ) শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাশের সন, বিভাগ উল্লেখসহ) (ট) অভিজ্ঞতা উল্লেখ করে সাদা কাগজে স্বহস্তে লিখিত আবেদনপত্র ২১.০৮.২০১১ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ১২১, কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা- ১০০০ বরাবরে ডাকযোগে প্রেরণ করতে হবে।

০২। পদসমূহ নিয়োগ প্রকল্প মেয়াদ পর্যন্ত (জুন, ২০১২) বলবৎ থাকবে।

০৩। আবেদনপত্রের সাথে যে সকল কাগজপত্রাদি দাখিল করতে হবে ঃ

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি।
খ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
গ) আবেদনকারীর সদ্যতোলা ০৪ কপি পাসপোর্ট আকারের রঙিন সত্যায়িত ছবি।
ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি অথবা ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কতৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
ঙ) আবেদনপত্রের সাথে 'প্রকল্প পরিচালক, চলচ্চিত্র সংরক্ষণ ব্যবস্থার উন্নয়ন প্রকল্প' বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা এর অনুকূলে ০১ নং পদের জন্য ৩০০/- (তিন শত) টাকা, ২ নং পদের জন্য ২০০/- (দুই শত) টাকা এবং ৩ নং পদের জন্য ১০০/- (এক শত) টাকা কোড নং- ১-৩৩৭৩-০০০০-২০৩১ - তে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়ে ট্রেজারী চালানের মূল কপি সংযুক্ত করতে হবে।
চ) পরবর্তী যোগাযোগের জন্য নিজ ঠিকানা সম্বলিত ৬ টাকার ডাকটিকেটসহ ৯X৪ ইঞ্চি সাইজের একটি খাম।

০৪। **শর্তাবলী ঃ**

(ক) প্রার্থীকে আবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
(খ) অসম্পূর্ণ, অসত্য ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে।
(গ) আবেদনপত্র যাচাই-বাছাইপূর্বক লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের ডাকযোগে পত্র দিয়ে জানানো হবে।
(ঘ) চাকুরি সংক্রান্ত লিখিত বা মৌখিক বা ব্যবহারিক পরীক্ষার জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না।
(ঙ) চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
(চ) সকল পদের বয়সসীমা সর্বোচ্চ ৩০ বছর। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
(ছ) নিয়োগ পদ্ধতিতে প্রচলিত সকল সরকারি বিধি বিধান ও কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
(জ) ০৩ নং পদের অনুকুলে শুধুমাত্র মুক্তিযোদ্ধাদের সন্তান গন আবেদন করতে পারবেন ।
(ঝ) ০১ নং পদের জন্য জামালপুর জেলা এবং ০২ নং পদের জন্য চট্টগ্রাম, নরসিংদী, সিরাজগঞ্জ জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।
(ঝ) আবেদনপত্র গ্রহণের নির্ধারিত সময়সীমার পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
(ঞ) আবেদনপত্র সম্বলিত খামের উপর পদের নাম, নিজ জেলা স্পষ্ট করে লিখতে হবে।
(ট) মুক্তিযোদ্ধার সন্তান হলে "পোষ্য" উল্লেখ করতে হবে এবং মুক্তিযোদ্ধা সম্পর্কিত সরকার স্বীকৃত সনদপত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।
(ঠ) সংশ্লিষ্ট কাগজপত্র ও ছবি সত্যায়নকারী কর্মকর্তার নাম সীলে স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
(ড) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতীত নিয়োগ বিজ্ঞপ্তি/ নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৯/৭/২০১১
মোঃ সরওয়ার আলম
প্রকল্প পরিচালক

GD - 3121